তারিখ 20 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা শুরু ২৩ সেপ্টেম্বর

■ ইত্তেফাক রিপোর্ট

দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সম্ভাব্য সময়সূচি ঘোষণা করেছে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যদের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের স্ট্যান্ডিং কমিটি।

গতকাল মঙ্গলবার শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কনফারেন্স কক্ষে কমিটির ২৪৭তম সভায় ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়। পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষা নির্বিঘ্ন করতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের পক্ষ থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে চিঠি পাঠানোরও সিদ্ধান্ত হয়েছে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি ও মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলাউদ্দিন সভায় সভাপতিত্ব করেন।

এতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. শাদাত উল্লা, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম, রাজশাহী বিশ্ববিদ্যালয় উপাচার্য মোহাম্মদ মিজান উদ্দিন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এ.কে.এম নূর-উন-নবী, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. আলী আশরাফসহ ২৬টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ উপস্থিত ছিলেন।

**সম্ভাব্য ভর্তি পরীক্ষার তারিখ :**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৩, ২৪ ও ৩০ সেপ্টেম্বর এবং ২১ ও ২৮ অক্টোবর।

**প্রকৌশল বিশ্ববিদ্যালয়:** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ২২ অক্টোবর, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৫ নভেম্বর, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২৬ অক্টোবর, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২৮ অক্টোবর, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় ১৮ নভেম্বর।

**কৃষি বিশ্ববিদ্যালয় :** শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ৯ ডিসেম্বর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ২৯ অক্টোবর,বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় ৮ নভেম্বর, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় ২৫ নভেম্বর, চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্সেস বিশ্ববিদ্যালয় ৩ ডিসেম্বর।

**বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় :** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ২৬ নভেম্বর, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর ১৮ থেকে ২১ ডিসেম্বর, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৪ থেকে ৭ নভেম্বর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল ১০ ও ১১ ডিসেম্বর, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২ ডিসেম্বর, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১১ ও ১২ নভেম্বর ,পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২৩ ডিসেম্বর।

**অন্যান্য বিশ্ববিদ্যালয় :** ঢাকা বিশ্ববিদ্যালয়-২৩, ২৪ ও ৩০ সেপ্টেম্বর এবং ২১ ও ২৮ অক্টোবর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়- ঢাকা বিশ্ববিদ্যালয় দিন বিকেলে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা ১৯ থেকে ১৭ নভেম্বর, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২৩ থেকে ২৭ অক্টোবর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ২৩ থেকে ৩১ অক্টোবর, খুলনা বিশ্ববিদ্যালয়, ৩ থেকে ৫ নভেম্বর, ইসলামী বিশ্ববিদ্যালয় ১৯ থেকে ২৪ নভেম্বর, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ২৪ থেকে ২৮ নভেম্বর, বরিশাল বিশ্ববিদ্যালয় ১৮ ও ১৯ নভেম্বর, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ১৩ থেকে ১৭ নভেম্বর, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস ১৪, ১৫, ২১ ও ২২ অক্টোবর, কুমিল্লা বিশ্ববিদ্যালয় ২, ৩ ও ৯ ডিসেম্বর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ২৬ ডিসেম্বর ফাজিল (সম্মান), ৮ থেকে ২০ জানুয়ারি ২০১৭ ফাজিল (পাস) পরীক্ষা অনুষ্ঠিত হবে।